# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড ,ময়মনসিংহ।

কার্যালয়ঃ বাসা নং-৪২, খাগডহর বাজার,ময়মনসিংহ।

ফোন ঃ ০২৯৯৭৭১০৪৪০, ০২৯৯৭৭১০৪৪৩, E-mail :chairmanbisemym@gmail.com,

www.mymensingheducationboard.gov.bd


স্মারক নংঃ ময়শিবো/পনি/উমা/০৯/০৪/১৯/ ১১৪ তারিখঃ ১৩/১০/২০২৫ খ্রি.

**বিষয়: ২০২৫ সালের এইচএসসি পরীক্ষার ফলাফল প্রকাশ প্রসঙ্গে ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, আগামী ১৬ অক্টোবর ২০২৫ তারিখ বেলা ১০:০০ টায় এইচএসসি পরীক্ষা ২০২৫-এর ফলাফল মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ থেকে প্রকাশ করা হবে। সংশ্লিষ্ট সকলকে নিম্নবর্ণিত উপায়ে ফল সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো।

(১) ময়মনসিংহ শিক্ষা বোর্ডের ওয়েবসাইট www.mymensingheducationboard.gov.bd ও www.educationboardresults.gov.bd এ Result কর্ণারে ক্লিক করে শিক্ষা প্রতিষ্ঠানের EIIN এন্ট্রি করে প্রতিষ্ঠানভিত্তিক Result sheet download করা যাবে।

(২) পরীক্ষার্থীরা www.mymensingheducationboard.gov.bd ওয়েবসাইটে প্রবেশ করে HSC-2025 Result বাটনে ক্লিক করে রোল ও রেজিষ্ট্রেশন নম্বরের মাধ্যমে Result sheet download করতে পারবে।

(৩) পরীক্ষার ফলাফল প্রকাশের পর SMS-এর মাধ্যমে নিম্নলিখিত উপায়ে ফল সংগ্রহ করা যাবে -
HSC <Space> Board Name (First 3 Letters) <Space> Roll <Space> Year টাইপ করে ১৬২২২ নম্বরে পাঠাতে হবে।
উদাহরণ: HSC Mym 123456 2025 Send to 16222

(৪) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে অনলাইনের মাধ্যমে প্রাপ্ত ফলাফল ডাউনলোড করে প্রকাশ করার জন্য www.educationboardresults.gov.bd ওয়েবসাইটের Result কর্ণার-এ ক্লিক করে বোর্ড ও প্রতিষ্ঠানের EIIN-এর মাধ্যমে ফল ডাউনলোড করার পরামর্শ দেয়া হলো।

(৫) পুনঃনিরীক্ষণের জন্য জন্য SMS এর মাধ্যমে ১৭ অক্টোবর ২০২৫ খ্রি. তারিখ থেকে ২৩ অক্টোবর ২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত আবেদন করা যাবে। আবেদন পদ্ধতি টেলিটক বাংলাদেশ লি. প্রদত্ত বিজ্ঞপ্তির মাধ্যমে জানা যাবে।

(৬) ফলাফল প্রকাশের দিন থেকে পুন:নিরীক্ষণের ফলাফল প্রকাশের পরবর্তী ০৭ (সাত) দিন পর্যন্ত বিষয় ভিত্তিক প্রাপ্ত নম্বর এ বোর্ডের ওয়েবসাইট প্রদর্শিত হবে। বর্ণিত তারিখের পর বিষয়ভিত্তিক প্রাপ্ত নম্বর প্রদর্শিত হবে না। তাই ফলাফল প্রার্থীদের ওয়েবসাইটে প্রাপ্ত টেলিটক নম্বরপত্র (বিষয়ভিত্তিক প্রাপ্ত নম্বর) প্রিন্ট করে রাখা জরুরি।

(৭) উল্লেখ্য, শিক্ষা মন্ত্রণালয়, শিক্ষা বোর্ড বা পত্রিকা অফিসে পরীক্ষার ফলাফল পাওয়া যাবে না বা প্রকাশিত হবে না।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১৩/১০/২০২৫

(প্রফেসর সৈয়দ আক্তারুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।
ফোন ঃ ০২-৯৯৭৭১০৪৪২
ইমেইল: conbisemym@gmail.com

**অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান**
**ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন উচ্চমাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান।**

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। সভাপতি আন্ত: শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি ও চেয়ারম্যান মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,ঢাকা;
৩। জেলা প্রশাসক,ময়মনসিংহ/জামালপুর/নেত্রকোণা/শেরপুর;
৪। উপজেলা নির্বাহী অফিসার, ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা;
৫। জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ শিক্ষ বোর্ডের আওতাধীন সকল জেলা;
৬। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ ;
(চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো);
৭। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ময়মনসিংহ শিক্ষ বোর্ডের আওতাধীন সকল উপজেলা;
৮। অফিস কপি।

CamScanner